



লটারিতে এসপি নিয়োগে মেধাবীদের বাদ পড়ার সুযোগ নেই: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

স্বরাষ্ট্র উপদেষ্টা অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী জানিয়েছেন, তিন ক্যাটাগরিতে লটারির মাধ্যমে পুলিশ সুপার (এসপি) নিয়োগ দেওয়া হলেও এতে কোনো মেধাবী কর্মকর্তা বাদ পড়েননি। বুধবার (২৬ নভেম্বর) স্বরাষ্ট্র মন্ত্রণালয় এসপি পদায়ন সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে।

সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি জানান, দেশের ৬৪ জেলার মধ্যে ১৮ জেলায় নতুন এসপি নিয়োগ দেওয়া হয়েছে। বাকি কর্মকর্তারা বিভিন্ন জেলায় দায়িত্বে থাকলেও খুব দ্রুতই সবাইকে নতুন করে পদায়ন করা হবে। পাশাপাশি, পুলিশ সুপারদের মতো ওসিদেরও শিগগিরই জেলা-জেলায় পদায়ন করা হবে বলে উপদেষ্টা উল্লেখ করেন।

কৃষিখাতে সারের সরবরাহ ও ডিলার নিয়োগ প্রসঙ্গে তিনি বলেন, সার বিতরণে নতুন নীতিমালা প্রণয়ন করা হচ্ছে, যেখানে রাজনৈতিকভাবে ডিলার নিয়োগের কোনো সুযোগ থাকবে না। গ্যাসের দাম সামান্য বাড়লেও সারের দাম আর বাড়বে না।

পেঁয়াজের বাজার পরিস্থিতি নিয়ে তিনি আরও জানান, নতুন পেঁয়াজ আসতে শুরু করায় বাজারে কোনো সংকট তৈরি হবে না। কৃষকের স্বার্থ রক্ষায় আমদানির অনুমতি আপাতত দেওয়া হয়নি, যদিও ব্যবসায়ীরা চাইলে আমদানির আগ্রহ প্রকাশ করেছিলেন।